

**REGIONAL NEWS UNIT**  
**ALL INDIA RADIO, AGARTALA**  
**Date: 25-11-2025**  
**Time: 07:55-08:05 PM Hrs**  
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

- (১) জনজাতিদের উন্নয়নে বিভিন্ন প্রকল্পের অগ্রগতির কাজ খতিয়ে দেখতে কেন্দ্রীয় জনজাতি কল্যাণমন্ত্রী জুয়েল ওরাম রাজ্য সফরে এলেন।
- (২) বিদ্যুৎমন্ত্রী রতন লাল নাথ রুখিয়ায় ১২০ মেগাওয়াট ক্ষমতা সম্পন্ন কস্বাইন্ড সাইকেল গ্যাস টারবাইন বিদ্যুৎ প্রকল্পের ভূমিপূজন করেন।
- (৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ উত্তর প্রদেশের অযোধ্যায় শ্রী রাম জন্মভূমি মন্দিরের চূড়ায় ধর্মধ্বজা উত্তোলন করেছেন।
- (৪) অর্থমন্ত্রক কেন্দ্রীয় সরকারি কর্মচারীদের জন্য ইউনিফাইড পেনশন স্কিমের বিজ্ঞপ্তি জারি করেছে।

\*\*\*\*\*

**Joel Oram :**

জনজাতিদের উন্নয়নে বিভিন্ন প্রকল্পের অগ্রগতির কাজ খতিয়ে দেখতে কেন্দ্রীয় জনজাতি কল্যাণমন্ত্রী জুয়েল ওরাম আজ আগরতলায় এসে পৌঁছেছেন। দুদিন রাজ্যে অবস্থানকালে তিনি রাজ্যের বিভিন্ন জেলা সফর করবেন ও বিভিন্ন প্রকল্পের অগ্রগতি খতিয়ে দেখবেন। আজ আগরতলার তাকে স্বাগত জানান জনজাতি কল্যাণমন্ত্রী বিকাশ দেব্বর্মা, সমাজকল্যাণ ও সমাজ শিক্ষামন্ত্রী টিঙ্কু রায়।

\*\*\*\*\*

**Power Minister :**

বিদ্যুৎমন্ত্রী রতন লাল নাথ আজ বক্রনগরের রুখিয়ায় ১২০ মেগাওয়াট ক্ষমতা সম্পন্ন কস্বাইন্ড সাইকেল গ্যাস টারবাইন বিদ্যুৎ প্রকল্পের ভূমিপূজন

করেন। অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে তিনি বলেন, এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাংকের আর্থিক সহায়তায় এই ৬৩ মেগাওয়াট ওপেন সাইকেল ইউনিটকে ১২০ মেগাওয়াট কন্সট্রাক্ট সাইকেল ইউনিটে রূপান্তর করা হবে। এর ফলে অতিরিক্ত গ্যাস ব্যবহার করে ১২০ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদন সম্ভব হবে। প্রকল্পের মোট ব্যয় হবে ১,৩২০ কোটি টাকা এবং আগামী তিন বছরের মধ্যে এই প্রকল্পের কাজ সম্পূর্ণ হবে।

তিনি বলেন, গ্রামীণ এলাকায় হকলাইন ও বিদ্যুৎ চুরি রোধে মোট ১৩ হাজার ৪৩৫ কিলোমিটার অ্যারিয়াল বাঞ্চড কেবল স্থাপন করা হয়েছে। তিনি বলেন, পিএম-জনমন প্রকল্পের আওতায় মোট ১১ হাজার ৬৯২ রিয়াং পরিবারকে বিদ্যুৎ সংযোগ দেওয়া হয়েছে। অনুষ্ঠানে বক্তব্য রাখেন বিধায়ক তফাজ্জল হোসেন। উপস্থিত ছিলেন সিপাহীজলা জিলা পরিষদের সভাধিনেত্রী সুপ্রিয়া দাস দত্ত, বিদ্যুৎ দপ্তরের সচিব অভিষেক সিং প্রমুখ।

\*\*\*\*\*

#### **Forest Minister :**

বনমন্ত্রী অনিমেষ দেববর্মা জানিয়েছেন, তেলিয়ামুড়া মহকুমার মুঙ্গিয়াকামী ব্লকের তুইকর্ম গ্রামে পাকা রাস্তা নির্মাণে সাত কোটি টাকা ব্যয় করা হবে। আজ বিকেলে তুইকর্ম গ্রামের জনগণের সঙ্গে মিলিত হয়ে এই গ্রামের বিভিন্ন সমস্যা সম্পর্কে অবহিত হবার সময় বনমন্ত্রী একথা জানান।

\*\*\*\*\*

#### **Workshop :**

কেন্দ্রীয় সরকারের "মিশন ফর ইন্টিগ্রেটেড ডেভেলপমেন্ট অফ হার্টিকালচার বা M.I.D.H এর অধীনে আলুচাষের প্রযুক্তি বিষয়ে এক কর্মশালা আজ কুমারঘাটের মানসী মিলনায়তনে অনুষ্ঠিত হয়। উদ্যান ও ভূমি সংরক্ষণ দপ্তর আয়োজিত এই কর্মসূচির উদ্বোধন করেন ঊনকোটি জিলা পরিষদের সভাধিপতি অমলেন্দু দাশ। তিনি বলেন, অত্যাধুনিক প্রযুক্তি ব্যবহার করে আলুচাষে কৃষকরা অধিক লাভবান হবেন। বক্তব্য রাখেন ঊনকোটি জিলা পরিষদের সহকারী সভাধিপতি সন্তোষ ধর, আগরতলার নাগিছড়ায় উদ্যান

ও বাগিচা ফসল গবেষণা কেন্দ্ৰৰ বিজ্ঞানী ডক্টৰ ৰাজীৱ ঘোষ, উদ্যান বিদ্যা দপ্তৰৰ উপ-অধিকৰ্তা ৰমেন্দ্ৰ ৰিয়াং প্ৰমুখ।

\*\*\*\*\*

#### **JFMC Distribution-Muhuripur :**

বন দপ্তৰৰ পক্ষৰ পৰা আজি দক্ষিণ জেলাৰ মুহুৰিপুৰে আয়োজিত এক অনুষ্ঠানে কাথলাই যোথ বনায়ন কমিটিৰ ৬০ জন সদস্যকে কাম্বল ও সদস্যদেৰ স্কুল পড়ুয়া ৫৫ জন ছেলেমেয়েকে স্কুল ব্যাগ ও খাতা কলম প্ৰদান কৰা হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সমবায় মন্ত্ৰী শুল্লাচৰন নোয়াতিয়া ও দক্ষিণ জেলা বনাধিকাৰিক গৌৰৱ ৰবীন্দ্ৰ ওয়াঘ প্ৰমুখ।

\*\*\*\*\*

#### **Indian Audit and Accounts-Rally :**

ইণ্ডিয়ান অডিট এন্ড একাউন্টস ডিপাৰ্টমেণ্টেৰ অডিট সপ্তাহেৰ আজি শেষ দিনে আগৰতলা শহৰে পদযাত্ৰা ও বৃক্ষ ৰোপনেৰ মাধ্যমে অনুষ্ঠানেৰ সমাপ্তি হয়। পদযাত্ৰায় উপস্থিত ছিলেন ৰাজ্য পুলিচেৰ মহা নিৰ্দেশক অনুৰাগ, নগৰ উন্নয়ন দপ্তৰেৰ সচিব অভিষেক সিং, স্বাস্থ্য দপ্তৰেৰ সচিব কিৰন গিত্যে, অডিট ডিপাৰ্টমেণ্টেৰ প্ৰিন্সিপাল একাউণ্টিং জেনাৰেল শৈলেন্দ্ৰ বিক্ৰম সিংহ প্ৰমুখ।

\*\*\*\*\*

#### **Unity ride for Martyrs :**

শহীদদেৰ আত্মত্যাগেৰ প্ৰতি গভীৰ শ্ৰদ্ধা জানিয়ে এবং জাতীয় ঐক্যেৰ বাৰ্তা ছড়িয়ে দিতে আজি শুৰু হলো আসাম ৰাইফেলসেৰ সাইক্লিং অভিযান, ইউনিটি ৰাইড ফৰ মাৰ্টিৰ্স। আজি সকালে আগৰতলায় আসাম ৰাইফেলসেৰ ৰাজ্য সদৰ দপ্তৰ প্ৰাপ্তনে যুব বিষয়ক ও ক্ৰীড়া মন্ত্ৰী টিঙ্কু ৰায় পতাকা নেড়ে এই বিশেষ সাইক্লিং ৰ্যালিৰ সূচনা কৰেন। এই ৰ্যালিৰ গন্তব্য অসমেৰ শিলচৰে, পৌছতে সময় লাগবে ৩ দিন।

\*\*\*\*\*

### **BJP Press Meet :**

রাজ্য মন্ত্রিসভা সরকারি কর্মচারীদের এডহক প্রমোশন নিয়মিত করার সিদ্ধান্ত নেওয়ায় প্রদেশ বিজেপির পক্ষ থেকে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহাকে ধন্যবাদ জানানো হয়েছে। আজ আগরতলায় সাংবাদিক সম্মেলনে প্রদেশ বিজেপি মুখপাত্র সুব্রত চক্রবর্তী এখবর জানান।

\*\*\*\*\*

### **Justice T Amarnath Goud :**

ত্রিপুরা হাইকোর্টের বিচারপতি টি অমরনাথ গৌড় অধিকার মিত্রদের রাজ্যে সাধারণ নাগরিকদের অধিকারের জন্য কাজ করতে বলেছেন। আজ ত্রিপুরা রাজ্য আইনসেবা কর্তৃপক্ষের কনফারেন্স হলে আয়োজিত নতুন নিযুক্ত অধিকার মিত্রদের প্রশিক্ষণ শিবিরে তিনি একথা বলেন। শিবিরে দশজন অধিকার মিত্রকে সংবর্ধনা দেওয়া হয়। উপস্থিত ছিলেন রাজ্য আইনসেবা কর্তৃপক্ষের সদস্য সচিব ঝুমা দত্ত চৌধুরী, উপসচিব অনিন্দিতা দেবরায় প্রমুখ।

\*\*\*\*\*

### **Elimination of Violence against Women :**

সারা ভারত গণতান্ত্রিক নারী সমিতি পশ্চিম জেলা কমিটির উদ্যোগে আজ আন্তর্জাতিক নারী নির্যাতন বিরোধী দিবস উপলক্ষে ‘নারী নির্যাতন ও প্রতিকার’ শীর্ষক এক সেমিনারের আয়োজন করা হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সংগঠনের রাজ্য নেত্রী রমা দাস, ঝর্ণা দাস বৈদ্য, কৃষ্ণা রক্ষিত, মিতালী ভট্টাচার্য প্রমুখ। তারা নারী নির্যাতন প্রতিরোধে কঠোর আইন প্রয়োগ, সামাজিক সচেতনতা বৃদ্ধি এবং প্রশাসনিক তৎপরতা জরুরি বলে অভিমত ব্যক্ত করেন।

\*\*\*\*\*

### **Package Story-PM Janaman & PMDivine :**

প্রত্যন্তের জনজাতি জনপদে আশির্বাদ হয়ে উঠছে প্রধানমন্ত্রীর জনমন যোজনা ও ডিভাইন প্রকল্প। এই দুই জনকল্যানের প্রকল্প যেন তৈরী করছে জন সুবিধায়নের প্রকৃত সংজ্ঞা। ভারত-বাংলাদেশ সীমান্তসংলগ্ন ত্রিপুরার উত্তর জেলার প্রত্যন্ত পাহাড়ি ছৈগরপুর ও পুষ্পরাম পাড়ার ৫০টি পরিবারে দুই প্রকল্পের সৌজন্যে পৌঁছে গেলো পরিশ্রুত পানীয় জল ও বিদ্যুতের আলো। এনিয়ে একটি প্রতিবেদন।

#####VC#####

\*\*\*\*\*

### Update Akashvani :

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#####Sound Byte#####

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন - ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং টুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন টুইটার বা এক্স হ্যান্ডলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

\*\*\*\*\*

### PM :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ উত্তর প্রদেশের অযোধ্যায় শ্রী রাম জন্মভূমি মন্দিরের চূড়ায় ধর্মধ্বজা উত্তোলন করেছেন। এর মাধ্যমে রাম মন্দির নির্মাণের কাজ আনুষ্ঠানিকভাবে সম্পন্ন হল। এ উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে তিনি বলেন, একবিংশ শতাব্দীর অযোধ্যা মানবতার উল্লয়নে এক নতুন

আদর্শ। অযোধ্যা এখন মর্যাদার কেন্দ্র। অযোধ্যা বিকশিত ভারতের মেরুদণ্ড হিসেবে আবির্ভূত হচ্ছে।"

#####Byte-PM#####

প্রধানমন্ত্রী আরো বলেন, গত ১১ বছরে, সমাজের প্রতিটি ক্ষেত্র নারী, দলিত, অনগ্রসর শ্রেণী, অত্যন্ত অনগ্রসর শ্রেণী, জনজাতি সম্প্রদায়, বঞ্চিত, কৃষক, শ্রমিক এবং যুবসমাজ—উন্নয়নের কেন্দ্রবিন্দুতে স্থান পেয়েছে। দেশের প্রতিটি ব্যক্তি, প্রতিটি ক্ষেত্র এবং প্রতিটি অঞ্চলকে ক্ষমতায়িত করার মধ্য দিয়ে ২০৪৭ সালের মধ্যে একটি বিকশিত ভারত গড়ে তোলা হবে। তখন দেশ স্বাধীনতার ১০০ বছর উদযাপন করবে।

\*\*\*\*\*

#### **Parliament Winter Session :**

আগামী পয়লা ডিসেম্বর থেকে শুরু হচ্ছে সংসদের শীতকালীন অধিবেশন। তা চলবে ১৯শে ডিসেম্বর পর্যন্ত। এর আগে আগামী ৩০ নভেম্বর সংসদ বিষয়ক মন্ত্রী কিরেন রিজিজু সর্বদলীয় বৈঠক ডেকেছেন।

\*\*\*\*\*

#### **UPS Notification :**

অর্থমন্ত্রক কেন্দ্রীয় সরকারি কর্মচারীদের জন্য ইউনিফাইড পেনশন স্কিম ইউ.পি.এস-এর বিজ্ঞপ্তি জারি করেছে। সি.আর.এ পদ্ধতির মাধ্যমে অনলাইনে অথবা নির্ধারিত আবেদন পত্র যথাযথভাবে পূরণ করে হার্ড কপি আগামী ৩০শে নভেম্বর বা তার আগে নিজ নিজ নোডাল অফিসে জমা দিতে হবে। ইউ.পি.এস বেছে নেবার পরও পরবর্তী সময়ে এন.পি.এস'এ ফিরে যাবার সুযোগও থাকবে।

\*\*\*\*\*

#### **Maan Ki Baat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ৩০শে নভেম্বর, রবিবার সকাল ১১টায় আকাশবাণীর 'মন কি বাত' অনুষ্ঠানে দেশ ও বিদেশের মানুষের সাথে তাঁর চিন্তা ভাবনা ভাগ করে নেবেন। এটি "মন কি বাতে"র ১২৮তম পর্ব হবে। এই অনুষ্ঠানের জন্য জনগণ তাদের ধারণা এবং পরামর্শ ১৮০০-১১-৭৮০০ টোল-ফ্রি নম্বরের মাধ্যমে জানাতে পারবেন। নরেন্দ্র মোদী অ্যাপ অথবা মাইগভ ওপেন ফোরামের মাধ্যমে অনলাইনেও মতামত জানানো যাবে। এছাড়াও ১৯২২ নম্বরে মিসড কল দিয়ে, প্রাপ্ত লিঙ্কে সরাসরি পরামর্শ জানাতে পারেন। আসন্ন পর্বের জন্য পরামর্শ এই মাসের ২৮ তারিখ পর্যন্ত গ্রহণ করা হবে।

\*\*\*\*\*

#### **Workshop on NLM :**

প্রাণী সম্পদ বিকাশ দপ্তরের উদ্যোগে আজ বাগমা কমিউনিটি হলঘরে একদিনের কর্মশালা অনুষ্ঠিত হয়। কর্মশালায় গবাদি পশুর স্বাস্থ্য পরীক্ষা করে বিনামূল্যে ওষুধ দেওয়া হয়। NLM প্রকল্পে গবাদী পশু ও প্রাণী পালকদের বীমা বিষয়ের উপর প্রশিক্ষণ দেওয়া হয়। এই কর্মশালায় মুখ্যমন্ত্রী প্রাণী পালক সন্মান নিধি প্রকল্পে টেপানিয়া ব্লকের ৯৫ জন সুবিধাভোগীর হাতে বছরে ৬ হাজার টাকা হিসাবে আজ দু বছরের আর্থিক অনুদান প্রদান করা হয়।

\*\*\*\*\*

#### **T-20 Women's Cricket :**

মেয়েদের অনূর্ধ্ব ২৩ বছরের টি-২০ জাতীয় ক্রিকেটের আসরে গ্রুপের দ্বিতীয় খেলাতেও ত্রিপুরা পরাজিত হয়েছে। আজ হরিয়ানা লাহালিতে চৌধুরী বংশীলাল স্টেডিয়ামে অনুষ্ঠিত খেলায় আসাম সহজেই ৯ উইকেটে রাজ্যদলকে হারিয়ে দেয়।

\*\*\*\*\*

#### **Weather :**

আগামীকাল আকাশ সাধারণত পরিষ্কার থাকবে। পশ্চিম জেলা, খোয়াই, গোমতী ও সিপাহীজলা জেলার কিছু স্থানে সকালে ঘন কুয়াশার সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ২৯ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৫ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ২৯ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৬ ডিগ্রি সেলসিয়াস।

\*\*\*\*\*